

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্স্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিসিএসআইআর ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা

Web: www bstft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.০৭.০৬.২০২৩.৩৬

তারিখ:

২৮ ফাল্গুন ১৪২৯

১৩ মার্চ ২০২৩ খ্রি:

ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২-২০২৩ অর্থ বছরে বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্স্ট এর আওতায় বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (এমএস, পিইচডি) ফেলোশিপের আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রান্স্টের আওতায় শুধুমাত্র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়সমূহে (দেশে পিইচডি এবং বিদেশে এমএস ও পিইচডি) উচ্চতর শিক্ষায় ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনের শর্ত, নীতিমালা ও ফরম সংশ্লিষ্ট ওয়েবসাইটে (www bstft.gov.bd এবং www most.gov.bd) পাওয়া যাবে।

১. ফেলোশিপের আওতায় গবেষণার বিষয়সমূহঃ

বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট নিয়মিতি ও এতদসংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে ফেলোশিপ প্রদান করা হবে:

পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পারিলিক হেলথ ও প্রিভেনচিয়াল মেডিসিন, জীব প্রযুক্তি ও অনুজীব বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিদ্যা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং, ডুগোল ও পরিবেশ বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মৎস্য বিজ্ঞান, পশু চিকিৎসা ও পশু পালন, কনভেনশনাল ও নন-কনভেনশনাল এনার্জি, জ্বালানি গবেষণা, নিউক্লিয়ার পাওয়ার, নিউক্লিয়ার টেকনোলজি, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, টেক্টাইল ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল ডেভেলপমেন্ট প্লানিং, একাপ্লেরেশন অব মিনারেলস এবং পেট্রোলজি, ইত্যাদিয়াল এবং প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং।

২. ফেলোশিপ আবেদনকারীর যোগ্যতা:

- (ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক হতে হবে।
- (খ) কেবলমাত্র বিজ্ঞান বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়সমূহের শিক্ষার্থী ও গবেষক ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন। কলা (Arts) ও বানিজ্যিক (Commerce) বিভাগের কোন শিক্ষার্থী/গবেষক আবেদনের জন্য যোগ্য হবেন না।
- (গ) আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা গ্রহণ ও Power Point Presentation (in person অথবা ক্ষেত্র বিশেষে online) মেওয়া হবে।
- (ঘ) যে সমস্ত শিক্ষক/আবেদনকারী ইতোপূর্বে MS করেছেন, তারা ২য় বার MS কোর্সে ফেলোশিপের জন্য আবেদন করতে পারবেন না।
- (ঙ) আবেদনকারী সরকারি চাকুরিজীবী হলে তার চাকুরি স্থায়ী হতে হবে (শিক্ষা ছুটি আবশ্যিক)।
- (চ) শিক্ষাগত যোগ্যতা: ফেলোশিপ-এর জন্য আবেদনকারীগণের শিক্ষাজীবনে স্বীকৃত শিক্ষাবোর্ড/বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট/ডিগ্রীর মধ্যে এম.এস এর ক্ষেত্রে ন্যূনতম ৩টি ১ম শ্রেণি ও পিইচডির ক্ষেত্রে ন্যূনতম ৪টি ১ম শ্রেণি অথবা সিজিপিএ পঞ্জতিতে ৪.০০ ক্ষেত্রে ন্যূনতম ৩.২৫ এবং ৫.০০ ক্ষেত্রে ন্যূনতম ৪.০০ থাকতে হবে। গবেষণার বিষয়বস্তু যদি জাতীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক উত্তীর্ণনী কাজে বিশেষ অবদান রাখবে বলে বিবেচিত হয় সেক্ষেত্রে আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।
- (ছ) অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রত্নত্বিত গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না, এরূপ আবেদনকারী অনুচ্ছেদ-১ এ উল্লিখিত বিষয়ে সার্বক্ষণিকভাবে তথ্য পূর্ণকালীন (Full Time) অধ্যয়নরত/গবেষণারত/সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/সুপারভাইজার কর্তৃক কৃত্তৃত্ব ভর্তির অফারপ্রাপ্ত হয়ে থাকলে উপযুক্ত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।
- (জ) পিইচডি ফেলোশিপের ক্ষেত্রে মাস্টার্স পর্যায়ে ইংরেজিতে থিসিস লেখার অভিজ্ঞাসম্পর্ক এবং দেশি/বিদেশি জার্নালে ইংরেজিতে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।
- (ঝ) আবেদনকারীর বয়স: আবেদন জমাদানের শেষ তারিখে আবেদনকারীর বয়স এমএস কোর্সের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪০ বছর এবং পিইচডি কোর্সের ক্ষেত্রে অনুর্ধ্ব ৪৫ বছর হতে হবে।
- (ঞ) প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সর্বশেষ প্রক্রিয়া “The times higher education world University overall rankings” অনুযায়ী মাস্টার্স (M.S) ও পিইচডি (PhD) উভয় কোর্সের জন্য প্রার্থীদেরকে ১ থেকে ৪০০ এর মধ্যে অবস্থিত বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে ভর্তির অফার লেটার আনয়ন করতে হবে।

(ট) আবেদন গ্রহনের শেষ তারিখ পর্যন্ত কার্যকর (Valid) IELTS (Academic)/TOEFL iBT/PTE Academic স্কোর থাকতে হবে। IELTS (Academic) এর Overall সর্বমোট স্কোর ন্যূনতম ৬.৫, TOEFL iBT এর Overall সর্বমোট স্কোর ন্যূনতম ৮৮, PTE Academic এর Overall সর্বমোট স্কোর ন্যূনতম ৫৯ ও তদানুসারে অন্যান্য স্থানীয় কোন স্কোর বিবেচনা করা হবে। উপর্যুক্ত স্কোর এর নিম্নে স্কোর প্রাপ্তগণ আবেদনের অযোগ্য বিবেচিত হবে।

(ঠ) পাঁচ (৫) বছরের অনার্স কোর্স সম্পন্নকারী কোন শিক্ষার্থী/গবেষক যদি পিএইচডি কোর্সের জন্য ভর্তির অফার পায় এবং অন্যান্য সকল প্রয়োজনীয় যোগ্যতা যদি থাকে তবে তাকে এই কোর্সের জন্য আবেদনকারী হিসেবে বিবেচনা করা হবে।

৩. ফেলোশিপের জন্য আবেদন জমা প্রদান পদ্ধতি:

(ক) আবেদন ফরম সংগ্রহ ও জমাদান: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ওয়েবসাইট এবং ট্রাস্ট কার্যালয় হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমের আবেদন প্রধান নির্বাহী কর্মকর্তা, বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, বিসিএসআইআর ক্যাম্পাস, মেডিকেল সেন্টার ভবন(৫ম তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫ ঠিকানায় আগামী ৩০/০৪/২০২৩ খ্রি: তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র সরাসরি অথবা ডাক যোগে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(খ) আবেদনপত্রের সঙ্গে আবশ্যিকভাবে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত থাকতে হবে:

১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও মার্কসীটের ছায়াপিপি (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত)।

২) আবেদন পত্রের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত ভর্তির অফার লেটার সংযুক্ত করতে হবে।

৩) দেশে ফেলোশিপের জন্য বিশ্ববিদ্যালয়/ইন্সটিউটের সংশ্লিষ্ট কোর্সে ভর্তির কাগজপত্র ও ভর্তির রশিদ সংযুক্ত করতে হবে। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠানে প্রথম ভর্তির ফেন্টে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের অফার লেটার প্রাথমিকভাবে বিবেচনা করা হবে। কিন্তু দ্বিতীয় কিসিতের ফেলোশিপের অর্থ গ্রহণের ক্ষেত্রে আবেদনের সাথে বিশ্ববিদ্যালয়ের ভর্তির রশিদ সংযুক্ত করতে হবে।

৪) "আবেদনকারী একজন সার্বক্ষণিক তথা পূর্ণকালীন (Full Time) শিক্ষার্থী/গবেষক" এই মর্মে সংশ্লিষ্ট শিক্ষা/গবেষণা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। প্রত্যয়নপত্রে বিভাগীয় প্রধানের স্বাক্ষর, নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।

৫) তত্ত্বাবধায়কের প্রতিস্বাক্ষরিত প্রস্তাবিত গবেষণা প্রস্তাবের অনুলিপি দাখিল করতে হবে। উক্ত অনুলিপিতে তত্ত্বাবধায়কের স্বাক্ষর, নাম, প্রাতিষ্ঠানিক ঠিকানা, টেলিফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা থাকতে হবে।

৬) সকল প্রার্থীকে "অন্য কোন সরকারি, স্বায়ত্তশাসিত, বেসরকারি প্রতিষ্ঠান হতে উক্ত শিক্ষা/গবেষণার জন্য কোন প্রকার ফেলোশিপ/অনুদান গ্রহণ করেন না" মর্মে আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

৭) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা এবং বিশ্ববিদ্যালয়ের সরকারি প্রতিষ্ঠানে চাকুরির প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮) সরকারি জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ, সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি ও পাসপোর্ট (যদি থাকে) এর সত্যায়িত কপি আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।

৯) আবেদনের খামের উপর অবশ্যই আবেদনের বিষয় (কোর্সের নাম যথা-পিএইচডি দেশে/বিদেশে, এমএস বিদেশে) উল্লেখ করতে হবে।

১০) আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজপত্রাদি স্পাইরাল বাধাই করে দিতে হবে।

৪. বিবিধ:

(ক) ফেলোশিপ সংক্রান্ত তথ্য জানতে ট্রাস্টের ওয়েব সাইটে রাখিত নীতিমালা ও সচরাচর জিজ্ঞাসা অংশ দেখার জন্য অনুরোধ করা হলো।

(খ) আবেদনপত্রের চেকলিস্ট অংশ মথাযথভাবে পৃষ্ঠা নম্বরসহ পুরণ করতে হবে অন্যথায় ফেলোশিপের আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে।

(গ) আবেদনকারী আবেদনে কোন মিথ্যা তথ্য বা কোন ধরনের জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে তার আবেদন/ফেলোশিপ তৎক্ষনিকভাবে বাতিল হিসেবে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) ফেলো নির্বাচনকালীন যেকোন পর্যায়ে আবেদনকারী কর্তৃক/আবেদনকারীর পক্ষে কোন ধরনের ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(ঙ) বিস্তারিত জানতে সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.bstft.gov.bd এবং www.most.gov.bd) দেখা যেতে পারে।

১৩/১০৬/২০২৩
নাজনীন হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
ফোন: ০২২৩৩৬০৪৮৫
ই-মেইল: info@bstft.gov.bd